



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.৭৪৬

তারিখ: ১ ভাদ্র ১৪২৭

১৬ আগস্ট ২০২০

### অফিস আদেশ

ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর এর প্রধান শিক্ষক অবসরজনিত কারণে উক্ত বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব নাসিমা বেগমকে গত ৩০.০৭.২০২০ খ্রি: হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বভার গ্রহণ করে আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

১৬-৮-২০২০

সৈয়দ মোঃ গোলাম ফারুক  
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.১৯.৭৪৬/১(৭)

তারিখ: ১ ভাদ্র ১৪২৭

১৬ আগস্ট ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, -----।
- ৩) সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

- ৪) জেলা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----।  
৫) প্রধান শিক্ষিকা,-----।  
৬) জনাব -----।  
৭) সংরক্ষণ নথি।



১৬-৮-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু  
সহকারী পরিচালক-১